

# Index

Contents	Page
<b>Primary Evaluation</b>	1
Question Analysis of Previous Years' BCS Preli Exam	4
<b>Literary Terms</b>	5
<b>The Old English Period (450-1066)</b>	
Caedmon	19
Saint Venerable Bede	19
Cynewulf	19
King Alfred the Great	19
<b>The Middle English Period (1066-1500)</b>	
Roger Bacon	21
Dante	22
Geoffrey Chaucer	22
Sir Thomas Malory	23
<b>Preparation for Renaissance (1500-1558)</b>	
Sir Thomas More	26
Niccolo Machiavelli	27
<b>Elizabethan Period (1558-1603)</b>	
Edmund Spenser	31
Thomas Kyd	31
Francis Bacon	32
Christopher Marlowe	33
Miguel De Cervantes	35
Sir Philip Sidney	35
Robert Greene	36
George Chapman	36
Thomas Nashe	36
William Shakespeare	40
<b>Jacobean Period (1603-1625)</b>	
John Donne	54
Ben Jonson	56
John Webster	57
<b>Caroline Period (1625-1649)</b>	
Robert Herrick	60
George Herbert	61
<b>Commonwealth Period (1649-1660)</b>	
John Milton	63
Andrew Marvell	65
Thomas Hobbes	66

## The Renaissance Period (1500-1660)

Contents	Page
<b>The Restoration Period (1660-1700)</b>	
John Dryden	69
Samuel Butler	70
John Bunyan	70
John Locke	71
<b>Augustan Period (1700-1745)</b>	
Daniel Defoe	74
Jonathan Swift	75
Alexander Pope	76
Samuel Richardson	77
William Congreve	78
Voltaire	78
<b>The Age of Sensibility (1745-1798)</b>	
Henry Fielding	82
Thomas Gray	83
Mary Wollstonecraft	84
William Blake	84
Oliver Goldsmith	85
Laurence Sterne	85
Dr. Samuel Johnson	85
Jean-Jacques Rousseau	86
Edmund Burke	86
Johann Wolfgang Von Goethe	86
<b>The Romantic Period (1798-1832)</b>	
William Wordsworth	92
Samuel Taylor Coleridge	95
Lord Byron	97
Percy Bysshe Shelley	98
Jane Austen	100
John Keats	101
Sir Walter Scott	103
Robert Southey	103
Charles Lamb	104
Thomas De Quincey	104
William Hazlitt	104
Mary Shelley	105

## The Neoclassical Period (1660-1798)

# Index

Contents		Page
<b>Victorian Period (1832-1901)</b>		
Lord Alfred Tennyson		113
Robert Browning		116
Charles Dickens		117
Charlotte Bronte		119
Thomas Hardy		119
Oscar Wilde		120
Matthew Arnold		121
George Eliot		121
William Makepeace Thackeray		122
Herbert George Wells		122
Emily Bronte		123
Herman Melville		123
Edgar Allan Poe		124
Elizabeth Barrett Browning		124
John Stuart Mill		124
Sir Richard Francis Burton		125
Sir Arthur Conan Doyle		125
Rudyard Kipling; Edward Fitzgerald		125
Alexandre Dumas; Victor Hugo		125
Fyodor Dostoevsky; Leo Tolstoy		126
Maxim Gorky; Nikolai Gogol		126
Karl Marx		126
<b>Edwardian Period (1901-1910)</b>		
George Bernard Shaw		134
William Butler Yeats		136
O'Henry		138
Franz Kafka		138
Aldous Leonard Huxley		139
Henry James		139
Joseph Conrad		139
Jules Verne		140
Henrik Ibsen		140
Sigmund Freud		141
David Emile Durkheim		141
Guy De Maupassant		141
John Galsworthy		142
John Millington Synge		142
Bertrand Russell		142
<b>Georgian Period (1910-1939)</b>		
James Joyce		147
David Herbert Lawrence		148
T.S. Eliot		149
Ernest Hemingway		151
George Orwell		152
William Golding		154
Edward Morgan Forster		154
Sylvia Plath		155
Allen Ginsberg		155
Dylan Thomas		155
Ezra Pound		156
Virginia Woolf		156
William Faulkner		157
Graham Greene		157
R. K Narayan		158
William Somerset Maugham		158
Robert Frost		158
Eugene Gladstone O'Neill		159
W. H. Auden		159
Pablo Neruda		159
Pearl S. Buck		159
Boris Pasternak		159
<b>The Post Modern Period (1939 - Present)</b>		
Samuel Beckett		164
Gabriel Garcia Marquez		165
Doris Lessing		166
Harold Pinter		166
Toni Morrison		167
Chinua Achebe		167
Salman Rushdie		167
Arundhati Roy		168
Dan Brown		168
Aurther Miller		169
<b>Some Essential List</b>		171
<b>Model Test</b>		177

1558-  
1603

## Elizabethan Period

ইংল্যান্ডের রানি এলিজাবেথ-১ এর নামানুসারে এই যুগের নাম Elizabethan Period। তার সবচেয়ে বিখ্যাত উক্তিটি হলো A good face is the best letter of recommendation. এই সময়ে ইংরেজি সাহিত্যের সকল শাখা সবচেয়ে বেশি সমৃদ্ধ হয় বলে এই যুগকে **The Golden Age of English Literature** বলে। এই যুগে প্রচুর গান, কবিতা, সনেট রচিত হওয়ায় এটিকে **A Nest of Singing Birds** বলা হয়।

এ সময় গুরুত্বপূর্ণ সামাজিক ঘটনা, যেমন খ্রিষ্টান ধর্মাবলম্বীদের ক্যাথলিক ও প্রটেস্ট্যান্ট- এই দুইভাগে ভাগ হওয়ার মত ঘটনা ইংরেজি সাহিত্যকে প্রভাবিত করে। এযুগের সাহিত্যে প্রাচীন গ্রিক ও নরম্যান সভ্যতা ও সাহিত্যের প্রভাব লক্ষ করা যায়। এসময় রচিত নাটকগুলোর বেশিরভাগই Revenge Tragedy ধারার। ১৫৬২ সালে Gorboduc নাটকটি সর্বপ্রথম মঞ্চস্থ হয়; ১৫৭৬ সালে প্রতিষ্ঠিত হয় প্রথম থিয়েটার। তবুও সে সময়ে মহিলাদের অভিনয় করার অনুমতি ছিল না, নাটকে মহিলাদের চরিত্রে কোনো পুরুষই অভিনয় করতেন।

## University Wits

সপ্তদশ শতকে রানি এলিজাবেথের সময়ে Oxford এবং Cambridge এর একদল নাট্যকার ও পুস্তিকা লেখকদেরকে University Wits বলা হয়। তাদের মধ্যে উল্লেখযোগ্য হলেন— **Christopher Marlowe, Thomas Kyd, Robert Greene, George Peele, Thomas Nashe, John Lyly, Thomas Lodge.**

## Important Authors Based on Previous BCS Preliminary Questions

Author/Work	Importance	Previous BCS Questions
Chapter Introduction	★	46 <sup>th</sup> , 38 <sup>th</sup> BCS
Thomas Kyd	★	38 <sup>th</sup> BCS
Francis Bacon	★	44 <sup>th</sup> BCS
Christopher Marlowe	★ ★ ★	48 <sup>th</sup> , 41 <sup>st</sup> , 40 <sup>th</sup> , 35 <sup>th</sup> BCS
William Haughton	★	49 <sup>th</sup> BCS



## Previous Years' BCS Preli Question ?

- The play "Englishmen for My Money" was written by— **[49<sup>th</sup> BCS]**  
(a) Christopher Marlowe (b) Thomas Kyd (c) William Haughton (d) Ben Johnson
- Doctor Faustus is \_\_\_\_\_. **[48<sup>th</sup> BCS]**  
(a) a comedy (b) a tragedy (c) a historical novel (d) an absurd play
- Which period is known as "The Golden Age of English Literature"? **[46<sup>th</sup>, 38<sup>th</sup> BCS]**  
(a) The Victorian Age (b) The Elizabethan Age (c) The Eighteen century (d) The Restoration period
- Francis Bacon is an illustrious— **[44<sup>th</sup> BCS]**  
(a) essayist (b) dramatist (c) novelist (d) journalist
- 'Was this the face that launched a thousand ships, and burnt the topless towers of Ilium?' Who speaks the famous lines? **[41<sup>st</sup> BCS]**  
(a) Caesar (b) Antony (c) Faustus (d) Romeo
- 'Sweet Helen, make me immortal with a kiss.' The sentence has been taken from the play— **[40<sup>th</sup> BCS]**  
(a) Romeo and Juliet (b) Caesar and Cleopatra (c) Doctor Faustus (d) Antony and Cleopatra
- The play 'The Spanish Tragedy' is written by— **[38<sup>th</sup> BCS]**  
(a) Thomas Kyd (b) Christopher Marlowe (c) Shakespeare (d) Ben Jonson
- Which of the following writers belong to the Elizabethan period? **[35<sup>th</sup> BCS]**  
(a) Christopher Marlowe (b) Alexander Pope (c) John Dryden (d) Samuel Beckett

## Answers

01	c	02	b	03	b	04	a	05	c	06	c	07	a	08	a
----	---	----	---	----	---	----	---	----	---	----	---	----	---	----	---



## Prominent Authors and Their Works

## Edmund Spenser (1552-1599)

Edmund Spenser 1552 সালে লন্ডনে এক দর্জি পিতার গৃহে জন্মগ্রহণ করেন। তিনি আধুনিক ইংরেজি ছন্দের অন্যতম সেরা কারিগর হিসেবে বিবেচিত এবং তাঁকে প্রায়ই ইংরেজি ভাষার অন্যতম সেরা কবি হিসেবে গণ্য করা হয়। শৈশবেই তিনি ল্যাটিন, গ্রিক ও হিব্রু ভাষা অধ্যয়ন করেন এবং 1579 সালে তার প্রথম উল্লেখযোগ্য সাহিত্যকর্ম **The Shepheardes Calender** প্রকাশিত হয়। তবে Spenser সবচেয়ে বেশি বিখ্যাত 1590 সালে প্রকাশিত **The Faerie Queene** নামক সুদীর্ঘ কবিতার জন্য। টিউডর রাজবংশ এবং ইংল্যান্ডের তৎকালীন রানি



*And on her eyelids many Graces sate,  
Smiling; each one with her in hand did bear  
An Olive branch, in sign of peace and state;  
And in her hand a cup of purest gold,  
Full of sweet nectar, did she freshly hold.  
Far from her face fled Feare and Hatred farre,  
And Dolor did her languist eyes beguile;  
And Shamefastnes, as hating to be seene,  
Did in her cheekes red purple roses staine.  
From The Faerie Queene By Edmund Spenser*

প্রথম এলিজাবেথের প্রশংসাসূচক এই কবিতাটি ছিল মূলত একটি আদর্শ রূপক কবিতা যার নানা রকম অর্থ করা যায়। তিনি ছিলেন রানি এলিজাবেথের প্রশংসাকারী (Admirer). ইংরেজি কবিতায় তার প্রভাব এতই বেশি যে তার কাব্য রচনার বিশেষ ধারা Spenserian Stanza নামে পরিচিত হয়। তার পরবর্তী অনেক প্রখ্যাত কবি, যেমন- John Milton, William Blake, William Wordsworth, John Keats, Lord Byron, Alfred Tennyson তার দ্বারা অনুপ্রাণিত ও তাঁকে অনুসরণ করেছিলেন বলে Charles Lamb তাঁকে কবিদের কবি (**Poet's poet/The poet of the poets**) আখ্যা দেন। এছাড়া তাকে **Second Father of English Poetry** বলা হয়। তার আরও কিছু উপাধি রয়েছে- **Prince of Poet, Divine Master, Court Poet**. মাত্র ৪৬ বছর বয়সে এই মহান কবি দেহত্যাগ করেন। তাকে **Westminster Abbey** তে যথোপযুক্ত সম্মানে সমাহিত করা হয়।

Literary Works			
<b>The Faerie Queene</b>	The Epithalamion	<b>Astrophel</b>	Daphnaida
<b>The Shepherd's Calender</b>	Amoretti (Sonnet)	The Ruines of Time	Four Hymes
<b>The Faerie Queene</b>	Allegory ধাঁচের রূপকধর্মী (Unfinished Allegorical Romance) অসমাপ্ত এই কবিতাটি প্রায় ৩৬ হাজার লাইনের মহাকাব্য (Epic Poem)। কবিতার মূল থিম দেশপ্রেম (Patriotism). মহাকাব্যের প্রধান ঘটনাগুলোর মধ্যে রয়েছে রানি এলিজাবেথের ১২ জন নাইট; যারা রানির সম্মানে বিভিন্ন গুরুভার গ্রহণ ও সফলতার সাথে তা সম্পন্ন করে। এই মহাকাব্যে ফেয়ার কুইন হিসেবে রানি এলিজাবেথ এর গুরুত্বপূর্ণ হয়েছিল। রোমান্টিক ও একই সাথে যুদ্ধের ঘটনা শুরু করেছেন কবি এভাবে- <b>Fierce warres and faithful loves shall moralize my song.</b>		
<b>The Shepherd's Calender</b>	এটি তার প্রথম প্রকাশিত গ্রন্থ, যা Sir Philip Sidney কে উৎসর্গ করেছেন। কবিতাটিতে Colin Clouts এর রাখাল জীবনের ১২ মাসের যাপিত জীবন বর্ণনা করা হয়েছে। ১২ টি ছোট কথোপকথনমূলক কবিতা (Eclogue) মিলে মূল কবিতা গঠিত। শহুরে জীবনের কলুষতা ও জটিলতা মুক্ত গ্রামীণ জীবন ও রাখাল সমাজের স্তুতি বর্ণিত হয়েছে কবিতাটিতে। চার্চের ক্ষমতার অপব্যবহার, Rosalind ও Colin এর মধ্যকার ভালোবাসা, Queen Elizabeth এর প্রশংসা প্রভৃতি কবিতাটির মূল বিষয়বস্তু।		
<b>Astrophel</b>	বন্ধু Sir Philip Sidney'র মৃত্যুতে প্রকাশিত Spenser'র Elegy বা শোকগাথা। কবিতাটি Sidney এর সদয় বিধবা স্ত্রী Frances Walsingham কে উৎসর্গ করা হয়।		

## Thomas Kyd (1558-1594)

Kyd ছিলেন 'University Wits' গ্রুপের একমাত্র সদস্য যার বিশ্ববিদ্যালয় থেকে প্রাপ্ত কোনো উপাধি ছিল না। কিন্তু তিনি শৈশবে খুব ভালো শিক্ষা লাভ করেন। ল্যাটিন ও গ্রিক ছাড়াও তিনি সেখানে সংগীত, নাট্যকলা ও শারীরিক শিক্ষা লাভ করেন। নিজের জীবদ্দশাতেই Kyd নাটক রচনায় খ্যাতি লাভ করেন। বিখ্যাত নাট্যকার Ben Jonson তাঁকে সে যুগের আরেক বিখ্যাত নাট্যকার Christopher Marlowe এর সাথে তুলনা দেন এবং Thomas Heywood তাঁকে 'Famous Kyd' বলে আখ্যা দেন। ১৫৮০ এর মাঝামাঝি রচিত তার **The Spanish Tragedy** তাঁকে **Father of English Revenge Tragedy** বা 'প্রতিশোধমূলক ট্রাজেডি'র জনকের সম্মানে অধিষ্ঠিত করেছে। নাটকটি সে যুগের সবচেয়ে জনপ্রিয় নাটক হিসেবে প্রচুর মঞ্চায়িত হয়।



১৫৯৩ সালে তাঁকে ভুলবশত ধর্ম অবমাননার দায়ে গ্রেপ্তার করে কারাগারে নির্বাতন করা হয়েছিল। পরের বছর মাত্র ৩৫ বছর বয়সে তিনি মৃত্যুবরণ করেন। তার রচিত The Spanish Tragedy থেকে Shakespaere তার Hamlet নাটকের অনুপ্রেরণা নিয়েছিলেন।

Literary Works		
<b>The Spanish Tragedy</b>	Cornelia	Padre de Familia





### The Spanish Tragedy

১৫৮০ এর দশকে লেখা ইংরেজি সাহিত্যের অন্যতম প্রথম Tragedy. স্প্যানিশ ট্রাজেডি এক পিতার পক্ষ থেকে পুত্র হত্যার প্রতিশোধের গল্প বলে। পুত্র Horatio এর অপমৃত্যুতে ক্ষুব্ধ পিতা Hieronimo এর স্বপ্নদৃশ্যে আবির্ভূত হন Don Andrea এর ভূত। Don কে যুদ্ধক্ষেত্রে খুন করেছিল Balthazaar এবং সে খুনের প্রতিশোধের দায়িত্ব হেরোনিমোর ওপর আরোপ করতেই তার ভূত হয়ে আসা।

Hieronimo এর প্রতিশোধ হয় অভিনব। সে একটি নাটক মঞ্চস্থ করে যার ফ্রিস্টে Lorenzo ও Balthazaar এর চরিত্রকে ছুরিকাঘাতে খুন করা হয়। সেই নাটকের দৃশ্যে অভিনয়ের অঙ্গুহাতে হেরোনিমো দুইজনকেই সত্যি সত্যি খুন করে এবং তার প্রতিশোধ সফল হয়। The Spanish Tragedy ইংরেজি নাটকের ইতিহাসে অন্যতম রক্তপ্লাবিত গল্প। নাটকটি সমকালীন থিয়েটারে অনেক জনপ্রিয় উপস্থাপনা ছিল।

#### উত্তরণ Brief

**Type:** Tragedy, Revenge Tragedy

**Characters:**

Horatio, Hieronimo, Don Andrea, Lorenzo, Balthazar.

**Theme:**

Revenge and the consequences of unchecked vengeance.



### Francis Bacon (1561-1626)

Francis Bacon ছিলেন ষোড়শ শতকের শেষ দিকের সবচেয়ে বিখ্যাত Prose বা গদ্য সাহিত্যিক। তাঁকে বলা হয় “Father of Empiricism” অর্থাৎ অভিজ্ঞতাবাদ বা প্রয়োগবাদের জনক। ব্যক্তিগত জীবনে তিনি *Attorney General* এবং *Lord Chancellor* এর দায়িত্ব পালন করেছেন। তিনিই প্রথম বিখ্যাত ইংরেজ প্রাবন্ধিক। তাই তাঁকে **Father of English Essay/Prose** বা ইংরেজি প্রবন্ধের জনক বলা হয়। প্রবন্ধের নতুন রূপ প্রবর্তন করেন তিনি। নিজের প্রবন্ধগুলোকে তিনি ‘Detached meditations’ বা ‘নিরপেক্ষ চিন্তা’ বলে আখ্যা দেন। তার প্রবন্ধের বাক্যগুলো ক্ষুদ্র, সারগর্ভ পূর্ণ ও প্রবাদতুল্য। তিনি ইংরেজি ও ল্যাটিন উভয় ভাষায় লিখলেও ল্যাটিন ভাষাকে অধিক স্থায়ী মনে করতেন।



Literary Works	Novum Organum	Of Truth	New Atlantis	Of Studies
	Of Parents and Children	Of Revenge	Of Adversity	Of Death
	Of Marriage and Single Life	Of Love	Of Envy	Of Great Place
	History of Life and Death	Of Friendship		

### Novum Organum

#### উত্তরণ Brief

**Type:** Prose, Philosophy

**Characters:**

Antiquity, Interpretation etc.

**Theme:**

Advancement of knowledge through a systematic and empirical approach.



Novum Organum রচনার মাধ্যমে Francis Bacon, Elizabethan যুগের জ্ঞান অর্জন ও ব্যাখ্যার ধারণায় ব্যাপক পরিবর্তন সাধন করেন। Bacon এর সবচেয়ে বড় বই The Great Instauration এর ২য় খণ্ড Novum Organum; যেখানে প্রকৃতিকে কীভাবে অনুসন্ধান করতে হবে, কীভাবে তত্ত্ব ব্যাখ্যা করতে হবে, সে সম্পর্কে নতুন ধারণা প্রদান করেন। পর্যবেক্ষণ এর ধারণাকে তিনি সামনে নিয়ে আসেন। এ গ্রন্থে তিনি তার সমকালীন বিভিন্ন দর্শনতত্ত্ব, বৈজ্ঞানিক তত্ত্ব ও প্রক্রিয়ার সমালোচনা করেছেন।

একটি ধারণাকে প্রমাণ করতে তিনি বিভিন্ন প্রেক্ষাপট থেকে পরীক্ষা-নিরীক্ষার

সুপারিশ করেন, যার উল্লেখ রয়েছে বইটিতে। তিনি একটি টেবিল প্রস্তুত করেন যেখানে একটি ধারণাকে প্রমাণ করার জন্য অনেকগুলো সম্ভাব্যতার উল্লেখ থাকবে এবং একটি জুতসই উত্তর না পাওয়া পর্যন্ত একটি একটি করে সম্ভাব্যতাকে বাতিল করা হবে।

#### উত্তরণ Special

##### চিন্তা ও বাস্তবতা

ফ্রান্সিস বেকন তার নীতিকথার জন্য ইংরেজি ভাষায় চিরস্মরণীয়। অথচ তার ব্যক্তিগত জীবনে একটা মজার বৈপরীত্য আছে। ১৬২১ সালে বেকন ইংল্যান্ডের লর্ড চ্যান্সেলর হিসেবে কাজ করছেন। কাজটা বিচারিক। আর্জিদারেরা প্রতিদিন বিভিন্ন উপহার নিয়ে আসছেন, বেকনও সানন্দে সেসব নিচ্ছেন। এই নিয়েই একদিন শোরগোল উঠলো। বিচার বসলো নৈতিকতার শিরোমণি ফ্রান্সিস বেকনের। কয়টা দিন জেলে কাটানোর পর জেমস-১ এর দয়ায় মুক্তি পেলেন। দুর্নীতি প্রসঙ্গে বেকনের বক্তব্য ছিলো, এই উপটোকন তার বিচারধারাকে প্রভাবিত করছে না। তার মতে, *With respect to this charge of bribery I am as innocent as any man born on St. Innocents Day.*





## Christopher Marlowe (1564-1593)

ইংরেজি সাহিত্যের ড্র্যাজিক মহানায়ক Christopher Marlowe. জন্ম তার এক পাদুকাশিল্পীর ঘরে, Canterbury, ইংল্যান্ডে। কেবল মেধার শক্তিতে The King's School in Canterbury তে পড়ার সুযোগ পান। এই মেধা, তীক্ষ্ণ বুদ্ধি আর জেদের কারণেই Marlowe বৃত্তি সহকারে ক্যামব্রিজে পড়াশোনা করেন এবং ল্যাটিন ভাষায় দীক্ষিত হন, 'University wits' এর সদস্য হন। Lucan রচিত *Pharsalia* ও Ovid রচিত *Amores*-এ দুইটি রোমান কাব্য তিনি ইংরেজি অনুবাদ করেছিলেন। পড়াশোনার পাট চুকানোর পর তিনি সাহিত্যকর্মে পুরোপুরি মনোনিবেশ করেন।

Marlowe কে বলা হয় **The Father of English Drama/Tragedy**। তিনিই প্রথম সার্থক ভাবে নাটকে Blank Verse বা অমিত্রাক্ষর ছন্দ ব্যবহার করেন। সে সময় তার এই নাটকগুলোর প্রভাব ছিল অনেক বেশি। অনেকেই এই নাটকগুলোর অনুকরণ এবং



অনুসরণ করতেন। এমনকি অনেকে ধারণা করেন Shakespeare-ও তার লেখনী দ্বারা প্রবলভাবে অনুপ্রাণিত হয়েছিলেন। 1593 সালে তাঁকে নাস্তিকতার অভিযোগে গ্রেফতার করা হয়। কথিত আছে, একসময়ের সহকর্মী Thomas Kyd তার লিখিত কিছু ধর্মবিরোধী লেখাসহ ধরা পড়লে তাকে ধর্মবিরোধী হিসেবে ধরিয়ে দেন। ১২ দিন

পরেই মাত্র ২৯ বছর বয়সে গুপ্তচরের ছুরিকাঘাতে তিনি নিহত হন। এলিজাবেথান ব্রিটেনে যে নাটকের ঝড় উঠেছিল তার উপকেন্দ্র ছিলেন Christopher Marlowe, আর তার অপমৃত্যু সাহিত্যপ্রেমীদের জন্য শতবর্ষের নিরন্তর শোকের উপলক্ষ্য। [Note: Father of English Drama হিসেবে Marlowe এর নাম না থাকলে Shakespeare হবে।] শেকসপিয়র ও Marlowe সামসময়িক সাহিত্যিক ছিলেন। তারা একই বছরে জন্মেছিলেন বলে তাদের কাজের তুলনা করা করা হয়। তবুও ইংরেজি সাহিত্যে তাকেই Shakespeare এর পূর্বসূরি (Predecessor) হিসেবে গণ্য করা হয়।

*Come live with me and be my love,  
And we will all the pleasures prove  
That valleys, groves, hills, and fields,  
Woods, or steepy mountain yields.  
And we will sit upon the rocks,  
Seeing the shepherds feed their flocks,  
By shallow rivers to whose falls  
Melodious birds sing madrigals.  
And I will make thee beds of roses  
And a thousand fragrant posies,  
A cap of flowers, and a kirtle  
Embroidered all with leaves of myrtle.  
From The Passionate Shepherd to His  
Love by Christopher Marlowe*

Poems	Hero and Leander	The Passionate Shepherd to His Love	
Plays	Dido, Queen of Carthage	Tamburlaine the Great	Edward II
	The Jew of Malta	Doctor Faustus	The Massacre at Paris

## The Jew of Malta

ভূমধ্যসাগরীয় একটি দ্বীপ মাল্টার একজন ইহুদি ব্যবসায়ী **Barabas** সে দ্বীপের খ্রিষ্টান গভর্নরের প্রশাসনিক নির্যাতনে অতিষ্ঠ। ইহুদি হওয়ায় Barabas এর অতি মাত্রায় ক্রোধ দিতে হয় এবং এই সিস্টেমিক নির্যাতনে সে ধীরে ধীরে প্রতিশোধপরায়ণ হয়ে ওঠে।

Barabas এর চরিত্র ধূর্ততাপূর্ণ। প্রতিশোধের জন্য সে এমন সব ঘটনার আয়োজন করে যাতে করে গভর্নরের সম্মানেরা খুন হয়ে যায়। Barabas এর অপকর্ম ধরা পড়লে সে ধূর্ততার সাথে তুরক্ষে পালিয়ে যেতে সফল হয়। সেখানে সে ষড়যন্ত্র করে Christian governor ও Turks দের মধ্যে যুদ্ধের সূচনা করে। এই যুদ্ধে বারাবাসের প্রতিশোধ সম্পূর্ণ হয়। পরিশেষে সে অনুতপ্ত হয় এবং নিজ দ্বীপ Malta কে সাহায্য করতে এগিয়ে আসে। কিন্তু ভাগ্যের নির্মম পরিহাসে তার মৃত্যু ঘটে।

এই নাটকটি শেকসপিয়রের **Merchant of Venice** এর অনুপ্রেরণা ছিল। তবে টোন ও থিমের দিক থেকে দুটি নাটক একেবারেই বিপরীত। Marlowe এর অন্যান্য কাজের মতোই এই নাটকটি বিতর্কিত, বুদ্ধিদীপ্ত ও চরিত্রের গভীরতায় অনন্য। ইহুদিবিরোধ, সমকালীন ধর্মীয় রাজনীতি প্রভৃতি প্রসঙ্গে এই নাটকটি আজীবন বিতর্কিত থাকবে। একই সাথে সর্বকালের অন্যতম শ্রেষ্ঠ Revenge Tragedy হিসেবেও এই নাটকটির উল্লেখ থেকে যাবে।

## উত্তরণ Brief


**Type:** Drama,  
**Revenge Tragedy**

**Characters:**

Barabas

**Theme:**

One person's desire for revenge can lead to a cycle of violence and death.





### Doctor Faustus

The Tragic History Of Life And Death Of Doctor Faustus, যাকে সংক্ষেপে বলে Doctor Faustus, Christopher Marlowe রচিত একটি Elizabethan যুগের নাটক (Moral Play)।

এই নাটকের প্রধান চরিত্র Faustus হলো একজন জার্মান Scholar যে তার জীবন নিয়ে বিতৃষ্ণ। সে মনে করে জাদুবিদ্যার মাধ্যমে নিজ অবস্থার পরিবর্তন সম্ভব এবং এ সংকল্পে সে জাদু শিক্ষার জন্য Mephistopheles নামক এক জিন কে হাজির করে। জাদুবিদ্যার মাধ্যমে সে অসীম ক্ষমতাবান হতে চায় এবং শয়তান লুসিফার এর সাহায্য প্রার্থনা করে। লুসিফার ২৪ বছরের জন্য Faustus কে অসীম ক্ষমতাপ্রদ করে দেয় এবং Mephistopheles কে তার সহায়তায় নিযুক্ত করে দেয়। বিনিময়ে মেয়াদান্তে Faustus এর আত্মা Lucifer এর সম্পত্তিতে পরিণত হবে মর্মে চুক্তি হয়। Faustus তার নিজের জন্য জাদু শিক্ষার মাধ্যমে সে বিভিন্ন উচ্চপদস্থ ব্যক্তিকে সাহায্য করে এবং প্রবল ক্ষমতা ও খ্যাতি লাভ করে।

শেষ পর্যায়ে সে নিজের ভুল বুঝতে পারলেও, সময় শেষ হয়ে যায় এবং Lucifer তাকে ছাড় দেয় না।

Faustus চরিত্রটি স্থান ও কালভেদে বিভিন্ন আঙ্গিকে বর্ণিত হয়েছে। এই গল্পের উৎস খুব সম্ভবত উপকথা যেখানে সরাসরি Faustian Bargain ও তার নির্মম পরিণতির কথা বলা হয়। উপকথার Faustus মোটামুটি বোকা ধরনের, লোভে অন্ধ হওয়া বিদ্বান মূর্খ। সেই চরিত্রটিই মার্লোর নাটকে এসে নৈতিক ধূসরতার অনিশ্চয়তায় ঝঞ্ঝা হয়। মার্লোর Faustus জীবনবোধে গভীর, প্রাজ্ঞ, বিদ্বান ও দার্শনিক। সে Lucifer এর সাথে চুক্তির সম্ভাব্য পরিণতি সম্পর্কে সচেতন। তবু সে একটি শান্ত নিরাপদ জীবনে ধুঁকে মরার তুলনায় Devil এর সাথে পাঞ্জা লড়ে হারিয়ে দেওয়ার আশার মধ্যে জীবনের মর্মার্থ খুঁজে পায়। মার্লোর চরিত্রটি তাই মূর্খ নয়, বরং জীবনবোধে আধুনিক এক Nihilist.

নাটকের বেশ কিছু দৃশ্য ও উক্তি বিখ্যাত হয়ে আছে। এর মধ্যে Act 5, Scene 1 এর কথা সবার আগে আসবে। এই দৃশ্যে ডক্টর জাদুবিদ্যার মাধ্যমে পৌরাণিক উপকথার Helen কে জীবন্ত করে তোলে। সেই হেলেন যার জন্য ট্রয় নগরী ধূলিসাৎ হয়েছিল, গ্রিক বীরদের মাতামে প্রকম্পিত হয়েছিল ভূমধ্যসাগর। সেই হেলেনের দিকে তাকিয়ে Faustus না বলে পারে না,

**"Was this the face that launch'd a thousand ships, and burnt the topless towers of Ilium?"**

এই দৃশ্যের আরেকটা মোটা-ন্যারেটিভ হলো যুদ্ধ ও পুরুষের মহত্ত্ব পিপাসা। নারী এখানে উপলক্ষ্য মাত্র। পুরুষ অমরত্ব চায় নারী ও যুদ্ধে, ডক্টর বলে-

**"Sweet Helen' make me immortal with a kiss"**

এরকম আরেকটি বহুল পঠিত অংশ হলো Faustus ও Mephistopheles এর কথোপকথন। শয়তানের সহচর মেফিস্টোফেলিস ডক্টরকে শেষ সতর্কবার্তা হিসেবে বলেছিল, **"This is hell, nor am I out of it."** সতর্কবাণী উপেক্ষা করে Faustus ঠিকই লুসিফারের চুক্তি মেনে নিয়েছিল। সম্ভাব্য ঝুঁকির কথা জেনে, এবং সম্ভবত আক্ষেপে সে বলেছিল, **"O, I'll burn my books—ah, Mephistopheles!"**

Dr Faustus সাহিত্যে একটি Archetypal Character যা উপকথা থেকে উঠে এসে সব যুগের সাহিত্যিক মননে স্থান করে নিয়েছে। আত্মপরিচয়, অর্জন, সামাজিক সম্মান ও প্রতিপত্তি এবং সুখ ও শান্তির মধ্যে চিরকালীন যে দ্বন্দ্ব তার ব্যক্তিক উপস্থাপন হলো ডক্টর ফাস্টাস; **এজন্য Faustus কে বলা হয় Renaissance Hero**। Christopher Marlowe এর অসামান্য প্রতিভা এই চরিত্রের ভিত্তি প্রতিষ্ঠিত করেছিল যা পরবর্তী অজস্র সাহিত্য, চিত্রকর্ম ও সিনেমাকে প্রভাবিত করেছে।

### উত্তরণ Brief

**Type: Drama**

**Characters:**

Faustus, Mephistopheles and Lucifer (Satanic Figure).

**Theme:**

Ambition and the price of power. The downfall of man who seeks to externalize his inner struggles and cause suffering of others by doing so.



### Tamburlaine the Great (play)

তৈমুর লং কীভাবে একজন সামান্য মেঘ পালক রাখাল থেকে প্রবল পরাক্রমশালী বিশ্বজয়ী সম্রাটে পরিণত হয় সেই কাহিনি দেখানো হয়েছে এই নাটকে। তার প্রিয়া জেনোফ্রেটের মৃত্যুতে আত্মহারা হয়ে তৈমুর লং তার প্রিয়া যে শহরে মৃত্যুবরণ করেছিলেন সে শহরটি পুড়িয়ে দিয়েছিলেন। এটি মার্লোর গুরু দিকের রচনা যখন তিনি ক্লাসিক্যাল সাহিত্যের অনুকরণে ইংরেজি নাটক লেখার চেষ্টা করেছিলেন।



## Other Authors &amp; Their Works

## Miguel De Cervantes (1547-1616)

স্প্যানিশ সাহিত্যকর্মে উল্লেখযোগ্য কিছু ব্যক্তিদের মধ্যে Miguel De Cervantes রয়েছেন। ব্যক্তি জীবনে মিগুয়েল তার রচিত সাহিত্যকর্ম থেকে তেমন উপার্জন করতে পারেন নি। যুবক বয়সে সৈনিক হিসেবে কাজ করেছেন এবং যুদ্ধ বন্দী হয়েছিলেন। পরবর্তীতে স্পেনের রাষ্ট্রীয় বার্তাবাহক এবং শুল্ক সংগ্রাহক এর দায়িত্বপালন করেছেন।

## Don Quixote

এযাবৎকালে লিখিত উপন্যাসের মধ্যে অন্যতম এবং পাশ্চাত্য সাহিত্যের শ্রেষ্ঠ উপন্যাস *Don Quixote*. ২ খণ্ডে প্রকাশিত এই স্প্যানিশ উপন্যাসটি প্রথম আধুনিক উপন্যাস হিসেবে পরিগণিত হয়।

উপন্যাসের ভাবনা ও কাজের কেন্দ্রে আছে Alonso Quijano, মাঝবয়সি এক ভাবপ্রবণ মানুষ যে নাইটদের শৌর্যের কাহিনি পড়ে আগ্নুত হয়ে নিজেকেই নাইট ভাবা শুরু করে। নাইটদের সততা, আদর্শ ও পরোপকার প্রবণতাকে আদর্শিক উচ্চতায় অর্চনা করে Alonso আত্মপরিচয় পরিবর্তন করে Don Quixote নাম ধারণ করে। Don একজন নাইট, যে পুনরায় পূর্বতন পৃথিবীর শুদ্ধ মনোভাব ফিরিয়ে আনবে, নাইটের দায়িত্ব পালন করে সকলের দুঃখ দূর করবে। ডন কিহোটে'র সফরসঙ্গী হয় Sancho Panza, শ্রমজীবী শ্রেণির এক বাস্তববাদী মানুষ।

নাইটের নৈতিক উচ্চতা নিয়ে তার আগ্রহ নেই। বরং নাইট হলে ভালো খাবার, বাসস্থান পাওয়া যায়, সেটাই সানচো-কে আকর্ষণ করে। স্বপ্নালু আধাপাগলা ডন ও বাস্তববাদী মাটির মানুষ সানচো- পরস্পর বিপরীত দুটি চরিত্র বেরিয়ে পড়ে এক অদ্ভুত অভিযানে।

ডন কিহোটে'র মাথার ঠিক নেই। অভিযানে সে অন্ধের মতো প্রতিপক্ষ খোঁজে। উইন্ডমিল দেখে ভাবে রূপকথার দানব, আর ভেড়ার পাল দেখে মনে করে অশ্বারোহী সৈনিকের সারি। অসহায় নারীর সন্ত্রাস রক্ষার চেষ্টা করতে গিয়ে ঠগ দুর্বৃত্তের খপ্পরে পড়ে। এইভাবে বিভিন্ন অভিযানে ডন নিজের আদর্শ ভাবনার বিপরীতে বাস্তব পৃথিবীকে আবিষ্কার করে। বলে, "Fact is the enemy of truth."

ইংরেজি সাহিত্যে এই উপন্যাসের সুদূর প্রভাব বিদ্যমান। *The Three Musketeers*, *Adventures of Huckleberry Finn* এবং *Cyrano de Bergerac* ইত্যাদি সাহিত্যকর্মে *Don Quixote* এর প্রভাব আছে। কাহিনি ও স্টাইলের দিক থেকেও এর অনন্যতা ও শ্রেষ্ঠত্ব সমালোচনার প্রিয় বস্তু।

## উত্তরণ

## Brief


## Type: Novel

## Characters:

Don Quixote  
(Alonso Quixano),  
Sancho Panza

## Theme:

The exploration of  
the human capacity  
for imagination  
and idealism.



## Sir Philip Sidney (1554-1586)

Sir Philip Sidney ছিলেন একাধারে একজন রাজনৈতিক ব্যক্তিত্ব, সৈনিক, কবি এবং সমালোচক (Critic)। অত্যন্ত অভিজাত Sidney পরিবারে জন্মানো এই কবি Elizabeth এর রাজদরবারের অন্যতম গুরুত্বপূর্ণ ব্যক্তিতে পরিণত হন। স্প্যানিশদের বিরুদ্ধে Battle of Zutphen যুদ্ধে তিনি আহত হন ও মাত্র ৩১ বছর বয়সে মৃত্যু বরণ করেন। Edmund Spenser তার উদ্দেশ্যে *The Shepherd's Calendar* কাব্যটি উৎসর্গ করেন। তার উল্লেখযোগ্য সাহিত্যকর্মের মধ্যে রয়েছে-

Poetry		Other	Novel
Astrophel and Stella	The Nightingale	An Apology for Poetry	The Countess of Pembroke’s Arcadia
The Lady of May	Ring out Your Bells		
Astrophel and Stella	Philip Sidney এর সবচেয়ে বিখ্যাত এই রচনা ১০৮টি সনেট ও ১১টি গানের একটি ধারাবাহিক সংকলন। যা তাঁকে Shakespeare এর পর এলিজাবেথান যুগের সেরা সনেট লেখকের খ্যাতি এনে দিয়েছে। কাব্যটির মূল নায়ক Astrophel এর বর্ণনায় সুন্দরী, বিচক্ষণ, গুণবতী মেয়ে Stella এর প্রতি তার গভীর প্রেম প্রকাশিত হয়। তাঁদের প্রেমাবসান হয় অপ্রাপ্তির দুঃখ নিয়ে।		
Apology for Poetry	রেনেসাস যুগের প্রথম সমালোচনামূলক সাহিত্যকর্ম। এই গ্রন্থে কবিতার উপর আক্রমণের জবাব দেওয়া হয়েছে এবং এলিজাবেথান যুগের কবিতার উপর আলোচনা ও তাদের শ্রেণি বিভাগ করা হয়েছে। এটি The Defense of Poetry নামেও পরিচিত। (Note: A Defence of Poetry লিখেছেন P.B. Shelley)		
The Countess of Pembroke’s Arcadia	গদ্যে লিখিত এই Pastoral Romance কে ইংরেজি উপন্যাসের Seed বা জ্রণ বলা হয়। এটি সংক্ষিপ্তভাবে Arcadia নামেও এটি পরিচিত। Sidney পরবর্তীতে এই রচনাটিকে আরো বর্ধিত করেন ফলে বর্তমানে এর পুরাতন ও নতুন দুইটি রূপ পাওয়া যায়।		





**Robert Greene (1558-1592)**

তার সম্পর্কে বলা হয়—“England’s first Celebrity Author”. তিনি University Wits দলের সদস্যভুক্ত ছিলেন। Oxford ও Cambridge দুটি বিশ্ববিদ্যালয় থেকেই তিনি M.A. Degree লাভ করেন। তিনি রোমান্টিক কবিতা, নাটক ও আত্মজীবনী লিখে খ্যাতি অর্জন করেন। এছাড়াও তার সময়ের অন্য লেখকদের সমালোচনা করার জন্য তিনি বিখ্যাত ছিলেন। তার পরিচিত নাটকগুলো –

Plays	Friar Bacon and Friar Bungay	The Scottish History of James The Fourth	Pandosto: Triumph of Time
-------	------------------------------	--	---------------------------

<b>Friar Bacon and Friar Bungay (Play)</b>	কমেডিটি ইংরেজি নাট্য সাহিত্যে একাধিক প্লট লাইনের ব্যবহারের সূচনা করে। এ নাটকে প্রথমে দেখা যায় যুবরাজ এডওয়ার্ড Friar Bacon এর সাহায্য নিয়ে এক নারীর মন জয় করার চেষ্টা করে কিন্তু ঘটনার পরিক্রমায় তার আরেক বন্ধুর সাথে ঐ নারীর প্রেম হয়ে যায়। শুরুতে উভয়কে খুন করার হুমকি দিলেও পরবর্তীতে রাজপুত্র নিজেকে সামলিয়ে নেয় এবং পিতার পছন্দের পাত্রীকেই বিয়ে করে।
--	--

**George Chapman (1559-1634)**

এলিজাবেথান যুগের একজন কবি, নাট্যকার এবং Classic সাহিত্যের পণ্ডিত ও অনুবাদক। তিনি Homer এর *Iliad* ও *Odyssey* মহাকাব্য দুইটি অনুবাদ করার জন্য সর্বাধিক স্মরণীয় হয়ে আছেন; এই অনুবাদ পড়ে John Keats লিখেছেন *On First Looking into Chapman's Homer* সনেটটি। তিনি Marlowe এর অসমাপ্ত কবিতা *Hero and Leander* সমাপ্ত করেন। তার সাহিত্যিকর্ম-

Comedy		Tragedy
All Fools	The Gentleman Usher	The Revenge of Bussy D'Ambois
Monsieur d'Olive	The Widow's Tears	Caesar and Pompey

<b>Iliad (Epic)</b>	অন্ধ গ্রিক কবি Homer এর মহাকাব্য <b>Iliad ও Odyssey</b> বিশ্বসাহিত্যের অমূল্য সম্পদ। ইলিয়াড মহাকাব্যে গ্রিস ও ট্রয়ের যুদ্ধের কথা অনেকগুলো আখ্যান আকারে বর্ণিত আছে। এই মহাকাব্যের মূল গল্পগুলো হলো, রানি হেলেন এর অপহরণ ও যুদ্ধ ঘোষণা, মহাবীর একিলিস ও তার দুর্বলতা, ট্রোজান হর্স, ট্রয়ের বীর হেক্টরের মৃত্যু- ইত্যাদি।
<b>Odyssey (Epic)</b>	গ্রিস ট্রয়ের যুদ্ধ শেষ হয়েছে। বিজয়ী গ্রিক বীর Odysseus (যাকে রোমানরা Ulysses নামে ডাকে) বাড়ি ফিরবে, গ্রিসের ইথাকা দ্বীপে। সেখানে সুন্দরী স্ত্রী Penelope ও সুপুত্র Telemachus অপেক্ষমাণ। কিন্তু, পথিমধ্যে নানা বাঁধা ও রোমাঞ্চকর পরিস্থিতি ফিরতে দেরি করায়। এদিকে ইথাকায় ঘনীভূত হতে থাকে ষড়যন্ত্র ও অবিশ্বাস।

**Thomas Nashe (1567-1601)**

Thomas Nashe এলিজাবেথান যুগের কবি, নাট্যকার, ব্যঙ্গাত্মক লেখক ও বিখ্যাত পুস্তিকা (*Pamphlet*) রচয়িতা। তাকে তার সময়ের সবচেয়ে বিখ্যাত পুস্তিকা রচয়িতা বলে বিবেচনা করা হয়। তিনি ‘University wits’ দলভুক্ত। তিনি ‘**The Isle of Dogs**’ লেখার জন্য কারাবরণ করেন। তার শ্রেষ্ঠ রচনাগুলো –

Summer’s last will and Testament	<b>The Isle of Dogs</b>	<b>The Unfortunate Traveller</b>	<b>The Terrors of the Night</b>
----------------------------------	-------------------------	----------------------------------	---------------------------------

<b>The Unfortunate Traveller (Novel)</b>	গল্পটি King Henry VIII এর রাজত্বকালে England এর এক বুদ্ধিদীপ্ত ও উজ্জ্বল সম্ভাবনাময় বালক Jack Wilton এর Adventure নিয়ে। Wilton সামরিক বাহিনীর চাকরি ছেড়ে Earl of Surrey কে নিয়ে বিশ্ব ভ্রমণে বের হয়। Earl ও Wilton ইতালিতে থাকাকালীন প্লেগ মহামারির সূচনা হয়। তাদের এই ভ্রমণে তারা ডাকাত দলের কবলে পড়ে; এদিকে Earl আবার Geraldine নামক সুন্দরীর প্রেমেও পড়ে। এ সকল Adventure শেষে Wilton আবার England ফিরে আসে।
<b>The Isle of Dogs (Play)</b>	এই নাটক লেখার জন্য Nashe কারাবরণ করেন; প্রকাশের পরপরই জব্দ হওয়া এই নাটকের কোনো কপির অস্তিত্ব আর পাওয়া যায়নি। বর্তমানে এর কাহিনি সম্পর্কে সরাসরি কিছু জানার সুযোগ না থাকলেও ধারণা করা যায়, নাটকটিতে খুব সম্ভবত রানি এলিজাবেথ ও Earl of Essex এর সরাসরি সমালোচনা করা হয়েছিল।



## Other Works

Work	Author	Synopsis
<b>Gorboduc</b>	Norton and Sackville	<i>Gorboduc</i> একটি ইংরেজি ট্র্যাজেডি নাটক যাতে প্রথম বারের মতো Blank Verse ব্যবহৃত হয়। নাটকটিতে প্রাচীন ব্রিটেনের একজন পৌরাণিক রাজা Gorboduc ও তার দুই পুত্র, ছোট ভাই Porrex বড় ভাই Ferrex এর মধ্যে সিংহাসনের দ্বন্দ্ব ও সবশেষে উভয়েরই অকালমৃত্যুর উপাখ্যান উঠে এসেছে।
<b>Eupheus: Anatomy of Wit</b>	John Lyly	Lyly এর Euphemism ধাঁচের শ্রেষ্ঠ উদাহরণ, Eupheus: Anatomy of Wit. গল্পাংশে Euphues, তার বন্ধু Philautus এবং এক সুন্দরী নারী Lucilla; যাকে দুই বন্ধুর সাথেই প্রেমের সম্পর্কে জড়াতে দেখা যায়। এই তিন চরিত্রের মাধ্যমে বন্ধুত্ব, ভালোবাসা, নারীপ্রীতি, যুবক বয়সের ভুল সিদ্ধান্ত এবং জীবন থেকে পাওয়া শিক্ষা প্রভৃতি থিম তুলে আনা হয়েছে।
<b>David and Bathsheba</b>	George Peele	Peele একজন ইংরেজ কবি, নাট্যকার ও অনুবাদক যিনি ‘University Wits’ দলভুক্ত ছিলেন। বাইবেলের উল্লিখিত ঘটনা নিয়ে David ও Bathsheba নাটকের কেন্দ্রীয় চরিত্র David একজন ক্ষমতাসীন রাজা যিনি ফিলিস্তিন জয় করে জেরুজালেমে অবস্থান করছিলেন। তিনি Law of Moses ভাঙবে জেনেও নিজ সৈন্য Uriah এর স্ত্রী Bathsheba র সাথে অবৈধ সম্পর্কে জড়িয়ে পড়েন। Bathsheba অন্তঃসত্ত্বা হয়ে পড়লে David, Uriah কে মৃত্যুর মুখে ঠেলে দেন এবং Bathsheba কে বিয়ে করেন। কিন্তু এরপরই প্রকৃতি প্রদত্ত অভিশাপে নানা দুর্ঘটনা ঘটতে থাকে এবং তাদের সন্তান মারা যায়। প্রায়শ্চিত্ত ও ঐশ্বরিক বিচার এ নাটকের মূল থিম।
<b>Rosalynde</b>	Thomas Lodge	Lodge একজন ইউনিভার্সিটি উইট যিনি ব্যঙ্গাত্মক সাহিত্যের জন্য জনপ্রিয় ছিলেন। Rosalynde; or, Euphues' Golden Legacie- টমাস লজের একটি প্যাস্টোরাল রোম্যান্স, যা প্রথম প্রকাশিত হয়েছিল ১৫৯০ সালে। গল্পটি আর্ডেনের বনে সেট করা হয়েছে এবং এটি দুই তরুণ প্রেমিক Rosalynde এবং Rosadaire এর গল্প বলে, যারা তাদের দুই চাচা, Torismond এর ষড়যন্ত্রে বিচ্ছিন্ন হয়ে পড়েছিল।
<b>Literary works: Englishmen for my money or A woman will have her will</b>	William Haughton	Englishmen for my money এটি একটি কমেডি নাটক যার পুরো নাম হলো ‘Englishmen for my money, or A woman will have her will.’ নাটকটি মূলত লন্ডনের ব্যবসায়ী সমাজ ও তাদের পরিবারকে কেন্দ্র করে আবর্তিত। নাটকের প্রধান চরিত্রসমূহ: Pesaro, Laurentia, Marina, Mathea, Harrey, Higham, Walgrave etc. William Haughton-এর অন্যান্য সাহিত্যকর্মগুলো হলো- The poor man's Paradise; Cox of Cullompton; The Arcadian Virgin; The Spanish moors Tragedy.

## Quotations

## Francis Bacon

Reading maketh a full man; conference a ready man; writing an exact man.	Some books are to be tasted, others to be swallowed and some few to be chewed and digested.
Wives are young men's mistress, companions for middle age and old men's nurses.	Suspitions among thoughts are like bats among birds. Revenge is a kind of wild justice.
Studies serve for delight for ornament and for ability.	Silence is the sleep that nourishes wisdom.
Man prefers to believe what he prefers to be true.	A mixture of a lie doth ever add pleasure
Opportunity makes a thief.	Money is a great servant but a bad master
A wise man will make more opportunities than he finds.	

## Miguel de Cervantes

Facts are the enemy of truth.	Don Quixote
The truth may be stretched thin, but it never breaks, and it always surfaces above lies, as oil floats on water.	
Hunger is the best sauce in the world.	



**Chirstopher Marlowe**

Stay, Mephistopheles, and tell me, what good will my soul do thy lord?	Dr. Faustus
What art thou Faustus, but a man condemned to die.	
Was this the face that launch'd a thousand ships, and burnt the topless towers of Ilium.	
Fools that will laugh on earth, most weep in hell.	
Make me immortal with a kiss.	Edward II
All live to die, and rise to fall.	
Come live with me and be my love.	The Passionate Shepherd to his love

**Sample Preli Question**

- Who wrote 'The Ruines of Time'?  
(a) Edmund Spenser (b) Thomas Sackville (c) Sir Philip Sidney (d) Chapman
- Edmund Spenser's 'Epithalamion' is—  
(a) a wedding hymn (b) a sonnet (c) an elegy (d) short story
- Who wrote 'The Lady of May'?  
(a) Edmund Spenser (b) Philip Sidney (c) George Chapman (d) G. Chaucer
- What is the name of Edmund Spenser's sonnet collection?  
(a) Astrophel (b) Amoretti (c) The Faerie Queene (d) Epithalamion
- "All is fair in love and war" who told it?  
(a) Confucius (b) Lord Byron (c) John Lyly (d) Wordsworth
- What is the main theme of Doctor Faustus?  
(a) Love (b) Thirst for power (c) Jealousy (d) Revenge
- In what country is 'Dr Faustus' based?  
(a) England (b) Italy (c) France (d) Germany
- Who is the dramatist that introduced blank Verse as a from of dramatic expression in his plays?  
(a) Shakespeare (b) Ben Jonson (c) Bernard Shaw (d) Christopher Marlow
- Who wrote 'The Revenge Tragedy' for the first time in English literature?  
(a) Shakespeare (b) Seneca (c) Thomas Kyd (d) Samuel Beckett
- Who wrote 'An Apology for poetry'?  
(a) Edmund Spenser (b) Philip Sidney (c) George Chapman (d) G. Chaucer
- Which one is the first tragic drama in English literature?  
(a) Gorboduc (b) Ralph Roister Doister (c) Catiline (d) Titus Andronicus
- 'Novum Organum' is written by—  
(a) John Lyly (b) Thomas Nashe (c) Francis Bacon (d) Richard Hooker
- The Elizabethan age is called—  
(a) A Nest of Plying Birds (b) A Nest of Singing Birds (c) A Nest of Talking Birds (d) The age of Barren
- 'The terrors of the night' is written by—  
(a) Thomas Nashe (b) William Wordsworth (c) Nicolas Udall (d) Robert Green
- Where was Edmund Spenser born?  
(a) London (b) Coventry (c) Stratford upon Avon (d) Durham
- "Come live with me and be my love" who is the poet?  
(a) J. Webster (b) C. Marlowe (c) W. Shakespeare (d) Lord Bacon
- Which poem details the scenes of the marriage of Edmund Spenser?  
(a) Astrophel (b) Amoretti (c) Stella (d) Novum Amour
- The poem, 'The Passionate Shepherd to His Love' is written by—  
(a) Ben Jonson (b) Robert Herrick (c) Christopher Marlowe (d) Thomas Gray
- Who is considered to be the 'Father of English Prose'?  
(a) Roger Bacon (b) Niccolo Machiavelli (c) Henry Fielding (d) King Alfred the Great





20. Who wrote 'The Massacre at Paris'?  
(a) Shakespeare (b) Christopher Marlowe (c) Edmund Spenser (d) John Milton
21. "Hunger is the best sauce in the world" – who told this?  
(a) John Donne (b) Geoffrey Chaucer (c) Miguel de Cervantes (d) Thomas Nashe
22. Who was a poet and soldier?  
(a) Philip Sidney (b) Edmund Spenser (c) G. Chaucer (d) George Chapman
23. Who wrote 'Arcadia'?  
(a) Edmund Spenser (b) George Chapman (c) G. Chaucer (d) Philip Sidney
24. A great playwright of Shakespeare's time was –  
(a) Samuel Johnson (b) Christopher Marlowe (c) Oliver Goldsmith (d) John Donne
25. Marlowe's play 'Tamburlaine the Great' was based loosely on the life of which Asian ruler?  
(a) Zhu Yuanzhang (b) Genghis Khan (c) Timur (d) Kubla Khan
26. What does Faustus promise to the devil in exchange for great Knowledge, riches and power for a period of 24 years?  
(a) his body (b) his house (c) his soul (d) his horse
27. Who is the Predecessor of William Shakespeare?  
(a) William Wordsworth (b) Christopher Marlowe (c) Watter Scott (d) Ben Jonson
28. 'Tamburlaine' is a famous tragedy written by –  
(a) Shakespeare (b) Ben Jonson (c) Christopher Marlowe (d) G.B. Shaw
29. "Fierce warres and faithful loves shall moralize by song" – The quotation is from the book:  
(a) Amoretti (b) of love (c) The faerie queen (d) Cornelia
30. Which Drama is considered a typical Pre-Shakespearean 'Bloody Drama'?  
(a) Mecbeth (b) Gorboduc (c) Doctor Faustus (d) The Spanish Tragedy
31. "It is impossible to love and be wise" is quoted by –  
(a) John Lyly (b) Thomas Nashe (c) Francis Bacon (d) Richard Hooker
32. Who is called 'The Prince of poets/The Poet of Poets'?  
(a) Geoffrey Chaucer (b) John Donne (c) John Keats (d) Edmund Spenser
33. What is an unfinished writing of Edmund Spenser?  
(a) The Faerie Queene (b) The Shepheardes Calender (c) The Ruines of Time (d) Prothamlamion
34. "Opportunity make a man thief" is quoted by –  
(a) John Lyly (b) Thomas Nashe (c) Francis Bacon (d) Richard Hooker
35. Who is the writer of 'Doctor Faustus'?  
(a) William Shakespeare (b) Richard Hooker (c) Christopher Marlowe (d) Roger Bacon
36. Who wrote this play 'Summer's Last Will and Testament'?  
(a) Thomas Nashe (b) William Wordsworth (c) Jonathan Swift (d) Robert Manning
37. Who is considered to be the 'True founder of English Drama' in English Literature?  
(a) Walter Scott (b) Christopher Marlowe (c) John Keats (d) Jane Austin
38. Who was the 'Attorney General' and 'Lord Chancellor' of England?  
(a) J. S. Mill (b) Philip Sidney (c) Thomas More (d) Francis Bacon
39. Marlowe's poem 'The Passionate Shepherd to His Love' begins with the line 'Come live with me and be my love'; which other English author wrote a famous poem beginning with this line?  
(a) William Shakespeare (b) Thomas Kyd (c) John Dryden (d) John Donne
40. Francis Bacon is a famous –  
(a) novelist (b) dramatist (c) essayist (d) journalist

### Answers

01	a	02	a	03	b	04	b	05	c	06	b	07	d	08	d	09	c	10	b
11	a	12		13	b	14	a	15	a	16	b	17	b	18	c	19	d	20	b
21	c	22	a	23	d	24	b	25	c	26	c	27	b	28	c	29	c	30	
31	c	32	d	33	a	34	c	35		36	a	37	b	38	d	39	d	40	c

[বিশেষ দৃষ্টব্য: সূত্রিয় বিসিএস প্রার্থী, উত্তরমালায় কিছু প্রশ্নের উত্তর না দেয়া থাকলেও আমরা বিশ্বাস করি আপনারা পরিপূর্ণ আত্মবিশ্বাসের সাথেই সঠিক উত্তরে বৃত্ত ভরাট করতে পারবেন।]

